দৈনিক ইত্তেফাক 64

তারিখ ... JUN. 22 1999
পৃষ্ঠা ৪ কলাম ৪

# কারিগরি শিক্ষাবোর্ডের চেয়ারম্যান সমীপে

বাংলাদেশ ইনষ্টিটিউট অব মেরিন টেকনোলজি (বি.আই.এম.টি) তে চালু ডিপ্লোমা ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্সটি ৩ বৎসর মেয়াদী এবং ইহা ৬ সেমিষ্টারে বিভক্ত ও প্রত্যেক সেমিষ্টারে আলাদা আলাদা পরীক্ষা অনুষ্ঠিত হইয়া থাকে। কিন্তু কারিগরি শিক্ষাবোর্ডের অধীনে শুধুমাত্র তৃতীয় বর্ষের প্রথম ও দ্বিতীয় পর্ব পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং বোর্ড কর্তৃক এই দুই সেমিষ্টারের মার্কশীটই প্রদান করা হয়, যাহা অত্যন্ত হতাশাব্যঞ্জক। অথচ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ ৬ সেমিষ্টার পরীক্ষাই তাঁহাদের অধীনে নিতে পারেন এবং ছাত্রদের দাবীও তাহাই। তাহাছাড়া দুঃখজনক ব্যাপার হইল, বর্তমানে মেরিন ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্সের যে সিলেবাসটি অনুসরণ করা হইতেছে, তাহা পুরাতন প্রযুক্তিনির্ভর এবং প্রয়োজনীয় কিছু বিষয় অনুপস্থিত। যাহার ফলে এই কোর্সের ছাত্রগণ নূতন প্রযুক্তিগত শিক্ষা হইতে বঞ্চিত। অন্যদিকে বোর্ড কর্তৃক পাশকৃত ছাত্রদের বাংলায় সনদ প্রদান করা হয়। যেহেতু কোর্সটি আন্তজার্তিক মানসম্পন্ন এবং ৭০%-৮০% মেরিন ডিপ্লোমাধারী বিদেশে বিভিন্ন ক্ষেত্রে কাজ করার সুযোগ পাইয়া থাকে সেহেতু এক্ষেত্রে ইংরেজী সনদ আবশ্যকীয়। তাহাছাড়া পরবর্তী পর্যায়ে যেহেতু সনদ ভাষান্তরের প্রয়োজন হইতেছে, সেজন্য একবারেই ইংরেজী সনদ বোর্ড কর্তৃপক্ষ প্রদান করিতে পারেন। এমতাবস্থায় কারিগরি শিক্ষাবোর্ডের চেয়ারম্যান সমীপে সবিনয় আবেদন এই যে, ৩ বৎসর মেয়াদী অত্র কোর্সের ৬ সেমিষ্টার পরীক্ষাই বোর্ডের নিয়ন্ত্রণাধীন, নূতন কমিটি গঠনের মাধ্যমে সিলেবাস প্রণয়ন এবং ইংরেজীতে সনদ প্রদানের ব্যবস্থা নেওয়া হউক।

মোঃ জহিরুল হক,
মেরিন ছাত্রাবাস,
নারায়ণগঞ্জ-১৪১৩